

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

এইচ.এস.সি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম

বাস্তবায়ন প্রবিধান

তারিখঃ ২৫-০৭-২০১৩খ্রিঃ


বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭

স্মারক নং বাকাশিবো/ক(বিএম)/২০১৩/ ১৩১২

তারিখ : ২৫-০৭-২০১৩খ্রিঃ

প্রজ্ঞাপন

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের ১৪৩ তম বোর্ড সভার অনুমোদন ক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক পরিচালিত এইচ.এস.সি (ব্যবসায় ব্যবস্থাপনা) কোর্সের পরিমার্জিত ও প্রণয়নকৃত নতুন কোর্স স্ট্রাকচার এবং সিলেবাস ২০১৩-১৪ শিক্ষাবর্ষ হতে কার্যকর হবে। কোর্স স্ট্রাকচার এবং সিলেবাস সংশ্লিষ্ট সকলকে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো।



(মোঃ আব্দুর রেজাক)

পরিচালক (কারিকুলাম)

কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম

বাস্তবায়ন প্রবিধান

১.০ নাম ও মেয়াদঃ

১.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের উচ্চ মাধ্যমিক পর্যায়ের ব্যবসায় ব্যবস্থাপনা বিষয়ে পরিচালিত এ শিক্ষাক্রমের নাম হবে

এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা)।

১.২ এ শিক্ষাক্রমের আওতাধীন যথাক্রমে ক. কম্পিউটার অপারেশন, খ. সেক্রেটারিয়াল সায়েন্স, গ. হিসাবরক্ষণ, ঘ. ব্যাংকিং এবং ঙ. উদ্যোক্তা উন্নয়ন পাঁচটি স্পেশালাইজেশন থাকবে।

১.৩ এ শিক্ষাক্রমের মেয়াদ হবে দু'বছর, যা একাদশ ও দ্বাদশ শ্রেণিতে বাস্তবায়ন করা হবে।

১.৪ এ শিক্ষাক্রমে প্রতি বর্ষের প্রাতিষ্ঠানিক শিক্ষা সময়কাল হবে ৩৬ কার্য সপ্তাহ এবং প্রতি সপ্তাহ হবে ৬ দিনের প্রতি সপ্তাহে সর্বোচ্চ ৪৮ পিরিয়ড ক্লাস অনুষ্ঠিত হবে। প্রতি তাত্ত্বিক ও ব্যবহারিক পিরিয়ডের মেয়াদকাল হবে ৪৫ মিনিট, তবে ব্যবহারিক বিষয়ে তিন পিরিয়ড একত্রে একটি ক্লাস হবে। প্রতি শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার পর ছাত্রছাত্রীদেরকে ৪(চার) সপ্তাহ মেয়াদি সংশ্লিষ্ট স্পেশালাইজেশনে কর্মক্ষেত্রে বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাস্ট্রিয়াল অ্যাটাচমেন্ট) গ্রহণ করতে হবে। বাস্তব প্রশিক্ষণ একটি বিষয় হিসেবে গণ্য হবে।

২.০ কাঠামোঃ

২.১ একাদশ শ্রেণির বিষয়সমূহ এবং এর সাপ্তাহিক পিরিয়ড ও নম্বর বিন্যাসঃ

ক্রঃ নং	বিষয় কোড	বিষয়	পিরিয়ড ও নম্বর বিন্যাস		পিরিয়ড				নম্বর বিন্যাস				মোট
			তাত্ত্বিক	ব্যবঃ	মোট	তাত্ত্বিক		ব্যবহারিক					
						ধাঃ মঃ	চুঃ মঃ	ধাঃ মঃ	চুঃ মঃ				
১.	১৮১১	বাংলা-১	৩	০	৩	৪০	৬০	০	০	১০০			
২.	১৮১২	ইংরেজী-১	৪	০	৪	৪০	৬০	০	০	১০০			
৩.	১৮১৩	কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন-১	১	৩	৪	২০	৩০	২৫	২৫	১০০			
৪.	১৮১৪	ব্যবসায় গণিত ও পরিসংখ্যান	৩	৩	৬	৩০	৪৫	১২	১৩	১০০			
৫.	১৮১৫	হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ-১	৩	৩	৬	৩০	৪৫	১২	১৩	১০০			
৬.	১৮১৬	অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল	৩	০	৩	৪০	৬০	০	০	১০০			
৭.	১৮১৭	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা-১	৩	০	৩	৪০	৬০	০	০	১০০			
৮.	১৮১৮	মার্কেটিং নীতি ও প্রয়োগ-১	৩	০	৩	৪০	৬০	০	০	১০০			
৯.	নৈর্বচনিক বিষয়-১টি এবং ঐচ্ছিক বিষয়-১টি												
	২৩১৮	কম্পিউটার প্রোগ্রামিং	২	৬	৮	৪০	৬০	৫০	৫০	২০০			
	২৫১৮	সেক্রেটারিয়াল প্র্যাকটিসেস	২	৬	৮	৪০	৬০	৫০	৫০	২০০			
	২১১৮	প্রডাকশন প্ল্যানিং, কন্ট্রোল এন্ড কস্টিং	৪	৩	৭	৬০	৯০	২৫	২৫	২০০			
	২২১৮	ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা	৪	৩	৭	৬০	৯০	২৫	২৫	২০০			
২৪১৮	ব্যবসায় উদ্যোগ	৪	৩	৭	৬০	৯০	২৫	২৫	২০০				
১০	**৮১	শিল্পকারখানায় বাস্তব প্রশিক্ষণ (৪ সপ্তাহ)								১০০	১০০		
		মোট	২৫/২৭	১৫/১২	৪০/৩৯	৩২০/৩৪০	৪৮০/৫১০	৯৯/৭৪	২০১/১৭৬	১১০০			
		ঐচ্ছিক বিষয়	২/৪	৬/৩	৮/৭	-	-	-	-	২০০			
		সর্বমোট								১৩০০			

ধাঃ মঃ = ধারাবাহিক মূল্যায়ন

চুঃ মঃ = চূড়ান্ত মূল্যায়ন

** = স্পেশালাইজেশন কোড বসাতে হবে।

২.২ দ্বাদশ শ্রেণির বিষয়সমূহ এবং এর সাপ্তাহিক পিরিয়ড ও নম্বর বিন্যাসঃ

ক্রঃনং	বিষয় কোড	পিরিয়ড ও নম্বর বিন্যাস				পিরিয়ড			নম্বর বিন্যাস			
		বিষয়	তত্ত্বীয়	ব্যবঃ	মোট	ধাঃ মঃ	তত্ত্বীয়	চুঃ মঃ	ধাঃ মঃ	ব্যবহারিক	চুঃ মঃ	মোট
১.	১৮২১	বাংলা-	২	৩	০	৩	৪০	৬০	০	০	১০০	
২.	১৮২২	ইংরেজী-	২	৪	০	৪	৪০	৬০	০	০	১০০	
৩.	১৮২৩	কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন- কমিউনিকেশন ও	২	১	৩	৩	৪	২০	৩০	২৫	২৫	১০০
৪.	১৮২৪	বিজনেস ইংলিশ এন্ড ব্যবস্থাপনা-২	৩	৬	৩০	৪৫	১২	১৩	০	০	১০০	
৫.	১৮২৬	অফিস ম্যানেজমেন্ট	৩	৩	০	৬	৩০	৪৫	১২	১৩	১০০	
৬.	১৮২৫	হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ-২	৩	০	০	৩	৪০	৬০	০	০	১০০	
৭.	১৮২৮	মার্কেটিং নীতি ও প্রয়োগ-২	৩	০	০	৩	৪০	৬০	০	০	১০০	
৯.	নৈবচনিক বিষয়-১টি এবং ঐচ্ছিক বিষয়-১টি											
২৩২৮	ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম	২	৬	৮	০	৪০	৬০	৫০	৫০	৫০	২০০	
২৫২৮	লাইফ স্কিল ডেভেলপমেন্ট	২	৬	৮	০	৪০	৬০	৫০	৫০	৫০	২০০	
৯০	২৫ ২৫ ২০০											
২২২৮	ব্যাংকিং হিসাব রক্ষণ	৪	৩	৭	০	৬০	৯০	২৫	২৫	২৫	২০০	
২৪২৮	ক্ষুদ্র ব্যবসায় ব্যবস্থাপনা	৪	৩	৭	০	৬০	৯০	২৫	২৫	২৫	২০০	
১০	**৮২	শিল্পকারখানায় বাস্তব প্রশিক্ষণ (৪ সপ্তাহ)	১০০	১০০								
	মোট	২৫/২৭/	১৫/১২	৪০/৩৯/	৩৪০	৮০০/৮৫০	৫১০	৩২০/	৪৮০/	৯৯/	২০১/	
	ঐচ্ছিক বিষয়	২/৪	৬/৩	৮/৭	-	-	-	২০০	১৭৬		১১০০	
											১৩০০	

ধাঃ মঃ = ধারাবাহিক মূল্যায়ন

চুঃ মঃ = চূড়ান্তমূল্যায়ন

** = স্পেশালাইজেশন কোড বসাতে হবে।

২.৩ এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) এর চূড়ান্ত মূল্যায়নের নম্বর বিন্যাসঃ

বিষয় কোড	বিষয়	শ্রেণির মোট নম্বর		বিষয়ের মোট নম্বর	প্রাপ্ত লেটার গ্রেড	প্রাপ্ত হোড পয়েন্ট
		একাদশ শ্রেণি	দ্বাদশ শ্রেণি			
১৮৩১	বাংলা	১০০	১০০	২০০		
১৮৩২	ইংরেজী	১০০	১০০	২০০		
১৮৩৩	কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন	১০০	১০০	২০০		
১৮১৪	ব্যবসায় গণিত ও পরিসংখ্যান	১০০	-	১০০		
১৮৩৫	হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ	১০০	১০০	২০০		
১৮১৬	অর্থনীতি ও বাণিজ্য ভূগোল	১০০	-	১০০		
১৮২৪	বিজনেস ইংলিশ এন্ড কমিউনিকেশন	-	১০০	১০০		
১৮৩৭	ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা	১০০	১০০	২০০		
১৮২৬	অফিস ম্যানেজমেন্ট	-	১০০	১০০		
১৮৩৫	মার্কেটিং নীতি ও প্রয়োগ	১০০	১০০	২০০		
**৩৮	নৈবচনিক বিষয়	২০০	২০০	৪০০		
**৮৩	সংশ্লিষ্ট স্পেশালাইজেশনে বাস্তব প্রশিক্ষণ	১০০	১০০	২০০		
	মোটঃ	১১০০	১১০০	২২০০		GPA(ঐচ্ছিক বিষয় ব্যতীত):
	ঐচ্ছিক বিষয়	২০০	২০০	৪০০		
	সর্বমোটঃ	১৩০০	১৩০০	২৬০০		GPA(ঐচ্ছিক বিষয়সহ):

২.৪ স্পেশালাইজেশনের জন্য নির্ধারিত বিষয়সমূহঃ

ক্রমিক নং	স্পেশালাইজেশন	বিষয়ের নাম	
		একাদশ	দ্বাদশ
১.	কম্পিউটার অপারেশন	কম্পিউটার প্রোগ্রামিং	ডাটাবেজ ম্যানেজমেন্ট সিস্টেম
২.	সেক্রেটারিয়াল সায়েন্স	সেক্রেটারিয়াল প্রাকটিসেস	লাইফ স্কিল ডেভেলপমেন্ট
৩.	হিসাবরক্ষণ	পডাকশন প্ল্যানিং, কন্ট্রোল এন্ড কস্টিং	উচ্চতর হিসাববিজ্ঞান
৪.	ব্যাংকিং	ব্যাংকিং ও বিমা ব্যবস্থাপনা	ব্যাংকিং হিসাববিজ্ঞান
৫.	উদ্যোক্তা উন্নয়ন	ব্যবসায় উদ্যোগ	ক্ষুদ্র ব্যবসায় ব্যবস্থাপনা

২.৫ শিক্ষার্থীগণ স্পেশালাইজেশন হিসেবে নৈর্বাচনিক বিষয়সমূহ হতে একটি আবশ্যিক বিষয় নির্বাচন করবে। অপরাপর নৈর্বাচনিক বিষয় থেকে প্রতিষ্ঠানে অনুমোদিত স্পেশালাইজেশনের যেকোনো একটি বিষয় ঐচ্ছিক হিসেবে অধ্যয়ন করতে পারবে।

২.৬ পাঠ্যক্রম কাঠামোতে বিষয়/বিষয়সমূহের পরিবর্তন, নবায়ন ও সংযোজন এবং নতুন পাঠ্যসূচি সংযোজন ও বিদ্যমান পাঠ্যসূচি বিয়োজন করার ক্ষমতা ১৯৬৭ সনের ১ নং কারিগরি শিক্ষা আইন অনুযায়ী বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে।

৩.০ ভর্তির নিয়মাবলিঃ

৩.১ এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রমের একাদশ শ্রেণিতে ভর্তি হওয়ার জন্য দরখাস্ত করার ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা হবে এসএসসি বা সমমানের শিক্ষাগত যোগ্যতা।

৩.২ বোর্ডের কেন্দ্রীয় ভর্তি কর্মসূচির সুপারিশকৃত নীতিমালা অনুসারে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করা হবে।

৪.০ নিবন্ধন :

৪.১ একাদশ শ্রেণিতে ভর্তির সময় নির্ধারিত ফি প্রদান করে ক্লাস শুরু ৪০(চল্লিশ) দিনের মধ্যে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রমে নিবন্ধনভুক্ত হতে হবে। নিবন্ধনের মেয়াদ হবে ভর্তির শিক্ষাবর্ষ হতে ধারাবাহিকভাবে ৪(চার) শিক্ষাবর্ষ।

৪.২ এ ৪(চার) শিক্ষাবর্ষ পর কোনো শিক্ষার্থী পুনরায় এ শিক্ষাক্রমে অধ্যয়ন করতে চাইলে তাকে বোর্ড নির্ধারিত রিটেনশন ফি (সংযোগ রক্ষাকারী ফি) দিয়ে নিবন্ধন নবায়ন করতে হবে। এ নবায়নের মেয়াদ হবে এক বছর। এ সুযোগ শুধু একবারই গ্রহণ করা যাবে।

৪.৩ এ শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় কোনো শিক্ষার্থী অন্য কোন কোর্সে অধ্যয়ন করতে পারবে না। কোনো শিক্ষার্থী এ শিক্ষাক্রমে অধ্যয়নরত অবস্থায় অন্য কোনো কোর্সে অধ্যয়ন করলে তার রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

৫.০ সাধারণ নিয়মাবলিঃ

৫.১ একাদশ ও দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত কোনো শিক্ষার্থী সংশ্লিষ্ট বর্ষে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাসে নির্ধারিত হাজিরা এবং তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নে পৃথক পৃথকভাবে উত্তীর্ণ হতে হবে।

৫.২ একাদশ শ্রেণিতে নিবন্ধনভুক্ত কোন শিক্ষার্থী নির্ধারিত হাজিরা না থাকলে বা ধারাবাহিক মূল্যায়নে অকৃতকার্য বা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোনো কারণে বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে অব্যবহিত পরের শিক্ষাবর্ষে পুনঃভর্তি হয়ে শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে পারবে। তবে এ সুযোগ শুধু একবারই গ্রহণ করা যাবে।

৫.৩ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষার পর শিক্ষার্থীরা দ্বাদশ শ্রেণিতে সাময়িকভাবে অধ্যয়ন করার সুযোগ পাবে। তবে একাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয় বাদে তিন বা ততোধিক বিষয়ে অকৃতকার্য হলে দ্বাদশ শ্রেণিতে অধ্যয়ন করার সাময়িকভাবে দেওয়া সুযোগ স্বয়ংক্রিয়ভাবে বাতিল হবে।

৫.৪ একাদশ শ্রেণিতে অনূর্ধ্ব দুই বিষয়ে (আবশ্যিক) অকৃতকার্য শিক্ষার্থী দ্বাদশ শ্রেণিতে অধ্যয়ন অব্যাহত রাখতে পারবে। এরূপ শিক্ষার্থী পরবর্তী একাদশ শ্রেণির সমাপনী পরীক্ষার সাথে বোর্ডের নির্ধারিত ফি প্রদান করে শুধু অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরিপূরক পরীক্ষার্থী হিসাবে অংশগ্রহণ করবে। উক্ত শিক্ষার্থী নিয়মিত পরীক্ষার্থী হিসাবে দ্বাদশ শ্রেণির পরীক্ষায় অংশগ্রহণ করবে। একাদশ শ্রেণির পরিপূরক পরীক্ষায় অংশগ্রহণ করে এক বা একাধিক বিষয়ে অকৃতকার্য হলে উক্ত শিক্ষার্থী রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরবর্তী একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। এরূপ শিক্ষার্থী দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হলেও তাকে অকৃতকার্য ঘোষণা করা হবে। একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় উত্তীর্ণ হলেই তাকে উত্তীর্ণ ঘোষণা করা হবে।

৫.৫ একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় তিন বা ততোধিক বিষয়ে অকৃতকার্য শিক্ষার্থী পরবর্তী একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের সুযোগ পাবে। এ সুযোগ

রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত বহাল থাকবে। একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে অনূর্ধ্ব দুই বিষয় (আবশ্যিক) অকৃতকার্য শিক্ষার্থীদের জন্য ৫.৪ এর প্রবিধান প্রযোজ্য হবে।

- ৫.৬ দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় অকৃতকার্য বিষয়/বিষয়সমূহে পরবর্তী দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত সময়ে অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষা দিতে পারবে।
- ৫.৭ অনিয়মিত পরীক্ষার্থীদের ক্ষেত্রে তাত্ত্বিক ও ব্যবহারিক উভয় অংশের ধারাবাহিক মূল্যায়নের নম্বর এবং কৃতকার্য বিষয়সমূহের চূড়ান্ত মূল্যায়নের নম্বর বোর্ডে সংরক্ষিত থাকবে।
- ৫.৮ একাদশ শ্রেণিতে কোনো শিক্ষার্থী বাস্তব প্রশিক্ষণে অকৃতকার্য হলে তাকে দ্বাদশ শ্রেণি পাঠ্যবছরে ছুটিকালীন সময়ে অথবা পরবর্তী সময়ে দ্বাদশ শ্রেণির বাস্তব প্রশিক্ষণ পরবর্তী কোনো সময়ে নিজ ব্যয়ে একাদশ শ্রেণির বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করে পরীক্ষায় অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হতে হবে।
- ৫.৯ দ্বাদশ শ্রেণিতে কোনো শিক্ষার্থী বাস্তব প্রশিক্ষণে অকৃতকার্য হলে তাকে পরবর্তী বছর দ্বাদশ শ্রেণির বাস্তব প্রশিক্ষণের সময় নিজ ব্যয়ে দ্বাদশ শ্রেণির বাস্তব প্রশিক্ষণ গ্রহণ করে পরীক্ষায় অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হতে হবে।
- ৫.১০ শিক্ষার্থীকে পৃথকভাবে ব্যবহারিক ও তাত্ত্বিক ক্লাসে ন্যূনপক্ষে শতকরা ৮০ ভাগ উপস্থিত থাকতে হবে। অসুস্থতা বা গ্রহণযোগ্য অন্য কোনো কারণে প্রতিষ্ঠানের শিক্ষা পরিষদের সুপারিশক্রমে প্রতিষ্ঠান প্রধান আরও শতকরা ১০ ভাগ হাজিরা মওকুফ করতে পারবেন। অন্যথায় সংশ্লিষ্ট বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণের সুযোগ পাবে না।
- ৫.১১ দ্বাদশ শ্রেণির কোনো শিক্ষার্থী নির্ধারিত হাজিরা অর্জনে ব্যর্থ হওয়ার কারণে অথবা শিক্ষা পরিষদের নিকট গ্রহণযোগ্য অন্য কোনো কারণে বোর্ড সমাপনী পরীক্ষার ফরম পূরণে ব্যর্থ হলে পরবর্তী শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনের মেয়াদ থাকা পর্যন্ত সময়ে দ্বাদশ শ্রেণিতে পুনঃভর্তি হওয়ার সুযোগ পাবে।
- ৫.১৩ কোনো শিক্ষার্থী একাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা অংশগ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তীতে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না এবং দ্বাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয় অন্তর্ভুক্ত করতে পারবে না।
- ৫.১৪ কোনো শিক্ষার্থী দ্বাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অনুপস্থিত থাকলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে পরবর্তীতে ঐচ্ছিক বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না এবং একাদশ শ্রেণিতে উত্তীর্ণ ঐচ্ছিক বিষয়ের প্রাপ্ত জিপি মূল ফলাফলে কোনো প্রভাব ফেলবে না।
- ৫.১৫ দ্বাদশ শ্রেণিতে ঐচ্ছিক বিষয়ে বোর্ড সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করে কৃতকার্য হলে অন্যান্য সকল বিষয়ে উত্তীর্ণ থাকলে ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ অপেক্ষা বেশি হলে ২ এর অধিক জিপি যোগ করে জিপিএ নির্ধারণ করা হবে। ঐচ্ছিক বিষয়ে প্রাপ্ত জিপি ২ বা তার কম হলে এ জিপি মূল ফলাফলে যুক্ত হবে না।

৬.০ ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতিঃ

- ৬.১ তাত্ত্বিক বিষয়ে বা কোনো বিষয়ের তাত্ত্বিক অংশে নির্ধারিত মোট নম্বরের ৬০% নম্বর বোর্ড সমাপনী পরীক্ষার জন্য এবং ৪০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে।
- ৬.২ ব্যবহারিক বিষয়ে বা কোনো বিষয়ের ব্যবহারিক অংশে নির্ধারিত মোট নম্বরের ৫০% নম্বর বোর্ড সমাপনী পরীক্ষার জন্য এবং ৫০% নম্বর ধারাবাহিক মূল্যায়নের জন্য নির্ধারিত থাকবে।
- ৬.৩ তাত্ত্বিক বিষয়/বিষয়ের তাত্ত্বিক অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষা প্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (তাত্ত্বিক ধারাবাহিক অংশের মোট নম্বরের শতকরা হারে)ঃ

বর্ষমধ্য পরীক্ষা : ৫০%

ক্লাস টেস্ট, কুইজ টেস্ট ও এসাইনমেন্ট (ন্যূনতম ২টি করে) : ৪০% উপস্থিতি (৭০% ও তার

উর্ধ্বে) আনুপাতিক হারে) : ১০%

উপস্থিতি :	মোট :	১০০%
৯০% বা এর উর্ধ্বে	১০%	
৮৫% - ৯০% এর নিচে		৯%
৮০% - ৮৫% এর নিচে		৮%
৭৫% - ৮০% এর নিচে		৬.৫%
৭০% - ৭৫% এর নিচে		৫%]

উদাহরণঃ
ব্যবহারিক ধারাবাহিক নম্বর ২৫ অনুষ্ঠিত
মোট জব ১২টি
মোট নম্বর ১২ × ১০ = ১২০ শিক্ষার্থী ১০টি জবে
অংশগ্রহণ করে প্রাপ্ত নম্বর ৬০ হলে এক্ষেত্রে তার প্রাপ্ত

৬.৪ ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক অংশের ধারাবাহিক মূল্যায়ন শিক্ষাপ্রতিষ্ঠান সম্পন্ন করবে এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যবহারিক ধারাবাহিক অংশের মোট নম্বরের উপর ভিত্তি করে):

নম্বর হবে- $60 \times 25 \div 120 = 12.5$

প্রতি জব এক্সপেরিমেন্ট এর জন্য নির্ধারিত নম্বর : ১০

জব অনুশীলন	:	৬
রিপোর্ট প্রস্তুতকরণ	:	২
পরিচাচছনত্বা ও নিরাপত্তা অবলম্বন	:	২
মোট :		১০

সকল জবের নম্বর ধারাবাহিকের জন্য নির্ধারিত মোট নম্বরে রূপান্তর করতে হবে।

প্রতিষ্ঠান প্রধানের পতিন্দক্ষরিত এবং অভ্যন্তরিত শিক্ষক কর্তৃক স্বাক্ষরিত ব্যবহারিক ধারাবাহিক মূল্যায়নের নম্বরপত্র বোর্ডে প্রেরণ করতে হবে।

৬.৫ বোর্ড পরীক্ষায় ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ের প্রতি অংশ (ধারাবাহিক ও চূড়ান্ত)-এ পাস নম্বর হবে শতকরা ৩৩।

৬.৬ ক্লাস চলাকালে বসপঞ্জী অনুযায়ী ১৭-১৮তম সপ্তাহে তাত্ত্বিক বিষয়ের উপর প্রতিষ্ঠান বসর্মধ্য পরীক্ষা গ্রহণ করবে।

৬.৭ বসর্মধ্য পরীক্ষার জন্য বিষয় শিক্ষক সংশ্লিষ্ট বিষয়সমূহের প্রশ্নপত্র প্রণয়ন করে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন। একই বিষয়ের জন্য একাধিক শিক্ষক থাকলে তারা যৌথভাবে বা প্রতিষ্ঠান প্রধানের নির্দেশক্রমে তাদের মধ্যে যে কোনো একজন শিক্ষক প্রশ্নপত্র প্রণয়ন করবেন।

৬.৮ প্রতিষ্ঠান প্রধানকে সভাপতি করে পরীক্ষা পরিচালনার জন্য সংশ্লিষ্ট শিক্ষকদের নিয়ে ৫ সদস্যের পরীক্ষা কমিটি গঠন করতে হবে। প্রতিষ্ঠান প্রধান পরীক্ষা কমিটির মাধ্যমে বসর্মধ্য পরীক্ষার প্রশ্নপত্র সমন্বয়, পরীক্ষার সময়সূচি ঘোষণা এবং পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন।

৬.৯ বসর্মধ্য পরীক্ষার উত্তরপত্র সংশ্লিষ্ট বিষয় শিক্ষক মূল্যায়ন করবেন। প্রয়োজনে পরীক্ষা কমিটি অন্য শিক্ষক দ্বারাও উত্তরপত্র মূল্যায়ন করতে পারবেন। তবে, একই বিষয়ে একাধিক শিক্ষক থাকলে পরীক্ষা কমিটি সংশ্লিষ্ট যেকোনো শিক্ষক দ্বারা উত্তরপত্র মূল্যায়ন করতে পারবেন।

৬.১০ মূল্যায়িত উত্তরপত্র পরীক্ষা শেষের পনেরো দিনের মধ্যে শিক্ষার্থীদেরকে দেখার সুযোগ দিতে হবে। শিক্ষার্থীদেরকে অবহিত করানোর পর নম্বরসহ উত্তরপত্র প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিতে হবে। প্রতিষ্ঠান প্রধান উত্তরপত্র সংরক্ষণ করবেন।

৬.১১ হাজিরাসহ মূল্যায়নকৃত ব্যবহারিক কাজ ও উত্তরপত্র এবং পরীক্ষাসংক্রান্ত যাবতীয় রেকর্ড পরীক্ষার ফলাফল প্রকাশের তারিখ হতে ছয় মাস পর্যন্ত প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে এবং প্রয়োজনে বোর্ডে প্রেরণ করতে হবে।

৬.১২ প্রত্যেক শিক্ষার্থীর জন্য প্রতিষ্ঠান প্রধান একটি অগ্রগতি কার্ড (Progress Card) যথাসময়ে সংশ্লিষ্ট শিক্ষক দ্বারা পূরণের ব্যবস্থা করবেন। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড হতে অগ্রগতি কার্ড সরবরাহ করা হবে।

৬.১৩ প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট স্পেশালাইজেশনের জন্য কর্মক্ষেত্রে ৪(চার) সপ্তাহের বাস্তব প্রশিক্ষণ (ইন্ডাস্ট্রিয়াল অ্যাটাচমেন্ট) এর ব্যবস্থা করবেন। সংশ্লিষ্ট শিল্পকারখানা বা সংস্থা কতকৃ নিয়োজিত পশিক্ষক এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অধ্যক্ষ কর্তৃক নিয়োজিত শিক্ষক যৌথভাবে এ বাস্তব প্রশিক্ষণ তদারকি ও মূল্যায়ন করবেন। প্রশিক্ষণ শেষে শিক্ষার্থীকে বাস্তব প্রশিক্ষণের উপর একটি প্রতিবেদন দাখিল করতে হবে। বাস্তব প্রশিক্ষণ মূল্যায়নের নম্বর বণ্টন হবে নিম্নরূপঃ

ক.	উপস্থিত	:	৩০
খ.	দৈনন্দিন কাজ	:	৪০
			%
গ.	দৈনন্দিন কাজের রেকর্ড	:	১০ %
ঘ.	প্রতিবেদন	:	২০
			%
	মোটঃ		১০০
			%

প্রশিক্ষক ও শিক্ষক উভয়ের যৌথ স্বাক্ষরিত বাস্তব প্রশিক্ষণের নম্বরপত্র বোর্ডে প্রেরণ করতে হবে।

৭.০ চূড়ান্ত মূল্যায়ন :

৭.১ বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড একাদশ শ্রেণি সমাপনান্তে একাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা এবং দ্বাদশ শ্রেণি সমাপনান্তে দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষা গ্রহণ করবে।

৭.২ ব্যবহারিক বিষয়/বিষয়ের ব্যবহারিক অংশের চূড়ান্ত মূল্যায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের শ্রেণিশিক্ষক আভ্যন্তরীণ পরীক্ষক হিসেবে এবং বোর্ড অনুমোদিত অনাভ্যন্তরীণ পরীক্ষক যৌথভাবে সম্পন্ন করবেন এবং এর নম্বর বিন্যাস হবে নিম্নরূপ (ব্যবহারিক চূড়ান্ত অংশের মোট নম্বরের শতকরা হারে):

জব /এক্সপেরিমেন্ট	:	৬০ %
ক. জব		৫০%
খ. পরিচ্ছন্নতা ও নিরাপত্তা অবলম্বন		১০ %
জব /এক্সপেরিমেন্ট রিপোর্ট	:	২০ %
মৌখিক পরীক্ষা	:	২০ %
মোট	:	১০০ %

আভ্যন্তরীণ ও অনাভ্যন্তরীণ শিক্ষক উভয়ের যৌথ স্বাক্ষরিত ব্যবহারিক চূড়ান্ত পরীক্ষার নম্বরপত্র পরীক্ষা সম্পন্ন হওয়ার সাত দিনের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে।

৭.৩ বোর্ডের প্রচলিত নিয়ম অনুসারে ব্যবহারিক ও তাত্ত্বিক বিষয়ের পরীক্ষা নির্ধারিত কেন্দ্রে ভারপ্রাপ্ত কর্মকর্তা (অফিসার-ইন-চার্জ) এর তত্ত্বাবধানে অনুষ্ঠিত হবে।

৭.৪ তাত্ত্বিক বিষয়ের বোর্ড সমাপনী পরীক্ষা অনুষ্ঠানের শেষে ভারপ্রাপ্ত কর্মকর্তা ঐ দিনই উত্তপত্রসমূহ সীল গালা করে বিমুক্ত পার্সেল ডাকযোগে বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে প্রেরণ করবেন।

৮.০ ফলাফল ঘোষণা ও সনদ প্রদানঃ

৮.১ একাদশ ও দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় কোনো শিক্ষার্থী সকল আবশ্যিক বিষয়ে ন্যূনতম D গ্রেড পেলে তাকে উত্তীর্ণ ঘোষণা করা হবে।

৮.২ একাদশ ও দ্বাদশ শ্রেণির বোর্ড সমাপনী পরীক্ষায় সকল আবশ্যিক বিষয়ে উত্তীর্ণ পরীক্ষার্থীকে বোর্ড হতে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) সনদপত্র দেওয়া হবে।

৮.৩ প্রতি বিষয়ে প্রাপ্ত গ্রেড পয়েন্ট (GP) এর ভিত্তিতে পরীক্ষার্থীর ঐচ্ছিক বিষয় ব্যতীত ও ঐচ্ছিক বিষয়সহ Grade Point Average (GPA) নির্ধারণপূর্বক শিক্ষাগত মূল্যায়নপত্র প্রদান করা হবে।

৮.৪ কোনো পরীক্ষার্থী এক/একাধিক আবশ্যিক বিষয়ে 'F' পেলে সনদপত্র পাবে না, তবে শিক্ষাগত মূল্যায়নপত্র প্রদান করা হবে।

৮.৫ শিক্ষার্থীদের নিম্নরূপ গ্রেড পয়েন্টের ভিত্তিতে মূল্যায়ন করা হবে :

লেটার গ্রেড	প্রাপ্ত নম্বরের শ্রেণি ব্যাপ্তি	গ্রেড পয়েন্ট
A+	৮০% হতে ১০০%	৫.০০
A	৭০% হতে ৮০% এর নিচে	৪.০০
A-	৬০% হতে ৭০% এর নিচে	৩.৫০
B	৫০% হতে ৬০% এর নিচে	৩.০০
C	৪০% হতে ৫০% এর নিচে	২.০০
D	৩৩% হতে ৪০% এর নিচে	১.০০
F	০০% হতে ৩৩% এর নিচে	০

৮.৬ মান উন্নয়নের লক্ষ্যে পরীক্ষার্থীকে অব্যবহিত পরবর্তী বছরেই বোর্ড সমাপনী পরীক্ষায় শুধু তাত্ত্বিক অংশে পরীক্ষা দিতে হবে। পরীক্ষার্থীর ফল উন্নয়ন হলে তা গ্রহণ করা হবে। অন্যথায় পূর্বের ফল বহাল থাকবে। তবে ঐচ্ছিক বিষয়ে মান উন্নয়নের সুযোগ নেই।

৯.০ পরীক্ষানুষ্ঠানের সমন্বিত শৃঙ্খলাবিধি :

বোর্ডের অনুমোদিত সমন্বিত শৃঙ্খলাবিধি ও উপবিধি এ পাঠ্যক্রমের জন্য অনুসরণ করা হবে। সরকারের সময় সময়ে জারিকৃত পাবলিক এক্সামিনেশন এ্যাক্ট ও এফেক্টে প্রযোজ্য হবে।

১০.০ সংরক্ষণঃ

এ প্রবিধানের ধারা/ধারাসমূহের ব্যাখ্যা প্রদানের অধিকার শুধু বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক সংরক্ষিত থাকবে এবং বোর্ডের ব্যাখ্যাই চূড়ান্ত বলে বিবেচিত হবে। এ প্রবিধানে অনুল্লিখিত কোনো শিক্ষা বিষয়ে ব্যাখ্যা প্রদান করার ক্ষমতা বোর্ডের নিকট সংরক্ষিত থাকবে।

সিলেবাস
একাদশ শ্রেণি বাংলা-১

বাংলা সাহিত্য পাঠ (গদ্য) ০৮টি

১. প্রবন্ধ- ০৪টি

২. গল্প- ০৪টি

(ক) গদ্য প্রবন্ধ ও গল্পের ভাববস্তু ও বিষয়বস্তু:

- | | | |
|----|-----------------------------|--|
| ১. | দেশপ্রেম | ক. ভাষা আন্দোলন
খ. মুক্তিযুদ্ধ
গ. দেশের জন্য আত্মত্যাগ |
| ২. | চারিত্রিক গুণাবলি | ক. সততা
খ. লোককল্যাণ
গ. শিষ্টাচার
ঘ. কর্মনিষ্ঠা
ঙ. পরমতসহিষ্ণুতা
চ. আধুনিক জীবন ও নৈতিকতা
ছ. প্রযুক্তির সদ্যবহার
জ. নৈতিকতা |
| ৩. | সামাজিক মূল্যবোধ ও মানবিকতা | ক. মহানভুবতা
খ. অসাম্প্রদায়িক জীবনবোধ
গ. শান্তিপূর্ণ সহাবস্থান
ঘ. মানবিক মূল্যবোধ
ঙ. বৈষম্য দূরীকরণ |
| ৪. | বাংলাদেশের মানসু ও পদ্ধতি | ক. বাংলাদেশের প্রাকৃতিক বৈশিষ্ট্য
খ. বাংলাদেশের ঋতুবৈচিত্র্য
গ. প্রকৃতি ও জনজীবন
ঘ. জীবন ও জীবিকা |
| ৫. | শিক্ষা | ক. বৃত্তিমূলক শিক্ষা
খ. কর্মমুখী শিক্ষা
গ. শিক্ষার লক্ষ্য ও আদর্শ
ঘ. শিক্ষা ও মূল্যবোধ
ঙ. শিক্ষা ও উন্নয়ন
চ. জীবনব্যাপী শিক্ষা |
| ৬. | সংস্কৃতি ও ঐতিহ্য | ক. লোকসংস্কৃতি
খ. বাংলার সামাজিক উৎসব
গ. লোকউৎসব
ঘ. লোকসাহিত্য
ঙ. ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংস্কৃতি |

৭. ভাষা ও সাহিত্য

- ক. মাতৃভাষা
- খ. বাংলা ভাষা
- গ. বাংলা সাহিত্য
- ঘ. বাংলাদেশের সাহিত্য
- ঙ. সাহিত্য ও সমাজ
- চ. সাহিত্য ও বিজ্ঞান
- ছ. সাহিত্য পাঠের আনন্দ

৮. মানুষের সমস্যা

- ক. নারী শিক্ষা ও নারীর ক্ষমতায়ন
- খ. শিশু অধিকার
- গ. প্রবীণ জীবন
- ঘ. নারী পুরুষের সমঅধিকার ও সমস্যা
- ঙ. নানা জাতি, ধর্ম, বর্ণ ও পেশার মানুষ

(খ) বাংলা সাহিত্য পাঠ (কবিতা) : ০৮ টি

কবিতার ভাববস্তু ও বিষয়বস্তু:

১. নিসর্গ

- ক. বাংলার রূপবৈচিত্র্য
- খ. নদী ও তার সৌন্দর্য
- গ. বাংলার প্রকৃতি
- ঘ. মানবজীবন ও প্রকৃতি
- ঙ. প্রকৃতির প্রতি মমত্ব

২. মাতৃভাষা বাংলা ভাষা

- ক. মাতৃভাষার মাধুর্য ও মহত্ত্ব
- খ. ভাষার মহিমা
- গ. ভাষা আন্দোলন

৩. দেশপ্রেম

- ক. মুক্তিযুদ্ধ ও স্বাধীনতা
- খ. বাংলাদেশ বিষয়ক কবিতা
- গ. দেশের জন্য আত্মত্যাগ

৪. মানবিকতা

- ক. মানবসেবা
- খ. মানবকল্যাণ
- গ. অসাম্প্রদায়িকতা
- ঘ. মানবমহিমা
- ঙ. মানবিক মূল্যবোধ
- চ. সহমর্মিতা

৫. সংকল্প / উদ্দীপনা

- ক. আত্মসংকল্প
- খ. কমোদ্দীপনা
- গ. সংগ্রামশীলতা
- ঘ. সুন্দর ভবিষ্যতের রূপকল্প

৬. বিশ্বশান্তি ও কল্যাণ

- ক. বিশ্বকল্যাণ
- খ. বৈশ্বিক চেতনা
- গ. বিশ্বশ্রাতৃত্ব

৭. বাংলাদেশ : ইতিহাস ও ঐতিহ্য

ক. বাংলাদেশের ইতিহাস ও ঐতিহ্য

৮. মানুষের প্রতি শ্রদ্ধাবোধ

ক. শ্রমজীবী মানুষের প্রতি শ্রদ্ধাবোধ

খ. বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের প্রতি শ্রদ্ধাবোধ

গ. বাংলা সহপাঠ : উপন্যাস

১. জাতীয় পাঠ্যপুস্তক ও পাঠ্যক্রম বোর্ড কর্তৃক অনুমোদিত ও প্রকাশিত বই অগ্রাধিকার পাবে।
২. উপন্যাস নির্বাচনের ক্ষেত্রে উপন্যাসের বিকল্প রাখা হবে না।

মান বণ্টন

পূর্ণমান	: ১০০
ধারাবাহিক মূল্যায়ন	: ৪০
চূড়ান্ত মূল্যায়ন	: ৬০

চূড়ান্ত মূল্যায়ন প্রশ্ন প্রণয়নের ধারা:

ক-বিভাগ (গদ্য)

সৃজনশীল প্রশ্ন (৩ টির মধ্যে ২টির উত্তর দিতে হবে)

$$২ \times ১০ = ২০$$

খ-বিভাগ (কবিতা)

সৃজনশীল প্রশ্ন (৩ টির মধ্যে ২টির উত্তর দিতে হবে)

$$২ \times ১০ = ২০$$

গ-বিভাগ (উপন্যাস)

সৃজনশীল প্রশ্ন (৩ টির মধ্যে ২টির উত্তর দিতে হবে)

$$২ \times ১০ = ২০$$

৬০

সৃজনশীল প্রশ্নের মান বণ্টন

ক) জ্ঞান : ১ নম্বর

খ) অনুধাবন : ২ নম্বর

গ) প্রয়োগ : ৩ নম্বর

ঘ) উচ্চতর দক্ষতা : ৪ নম্বর

১০ নম্বর

সৃজনশীল প্রশ্নের মান বিশ্লেষণ:

ক) জ্ঞান : ১ নম্বর

খ) অনুধাবন : ২ নম্বর = জ্ঞান ১ + অনুধাবন ১

গ) প্রয়োগ : ৩ নম্বর = জ্ঞান ১ + অনুধাবন ১ + প্রয়োগ ১

ঘ) উচ্চতর দক্ষতা : ৪ নম্বর = জ্ঞান ১ + অনুধাবন ১ + প্রয়োগ ১ + উচ্চতর দক্ষতা ১

English: Paper I

Objectives:

1. To acquire competence in all four skills (listening, speaking, reading, and writing)
2. To use the competence for effective communication in real life situations
3. To acquire grammar competence in English language for better accuracy
4. To use English literary pieces for enjoyment and language learning
5. To develop creativity and critical thinking through English language
6. To use language skills for higher studies and technical education
7. To be skilled in inter-cultural communications for better access to globalised world

English: Paper I

Distribution of marks for Paper I

Assessment	Listening	Speaking	Reading	Writing	Total
Continuous Assessment	10	10	10	10	40
Final Assessment			34	26	60
Full Marks					100

Test items for Paper I

Skills	Marks	Test Items	Notes
Listening	10	a. MCQ b. Gap filling c. Matching	10 Marks Any two (2x5=10) or all three items (4 + 3 + 3 = 10) will be included. Test items must be newly prepared for each test by the question setters themselves on their own.
Speaking	10	Describing / Narrating (Answering questions based on everyday familiar topics / events / situations such as family, school, home, city / village, books, games, movie / TV shows, recent events / incidents etc.)	10 Marks 5-10 sentences used coherently with acceptable English with understandable pronunciation

Reading	34	a. MCQ b. Information Transfer c. Open ended /Close ended questions d. Word Meaning (in Bangla or English) (in case of word meaning 8 text-based words each containing ½ marks) e. Gap filling with / without clues f. Substitution Table / Rearranging (Both items will be set as alternative)	4 Marks 4 Marks 4 Marks 4 Marks 8 Marks 10 Marks	
Writing	26	a. Paragraph: Text-based (answering questions) / Completing a story b. Describing graphs and charts c. Composition on personal	8 Marks 8 Marks 10 Marks	
		experience and familiar topics, recent incidents etc.		

***Listening and Speaking will be included in continuous assessment with other items from Reading (10 marks) and Writing (10 marks).**

কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন - ১

উদ্দেশ্য : বেসিক কম্পিউটার হার্ডওয়্যার, অপারেটিং সিস্টেম এনভারনমেন্ট ও অফিস অ্যাপ্লিকেশন প্যাকেজগুলো ব্যবহারে দক্ষতা অর্জন।

১। কম্পিউটারের প্রাথমিক ধারণা :

- ১.১ কম্পিউটারের সংজ্ঞা ও কাজ।
- ১.২ কম্পিউটারের শ্রেণিবিভাগ।
- ১.৩ বিভিন্ন প্রকার কম্পিউটারের প্রজন্মকাল ও বৈশিষ্ট্য।
- ১.৪ কম্পিউটার সিস্টেমের প্রধান কম্পোনেন্টস (হার্ডওয়্যার, সফটওয়্যার, ফার্মওয়্যার ও হিউম্যানওয়্যার)।
- ১.৫ কম্পিউটারের প্রয়োগক্ষেত্র (Application)।
- ১.৬ কম্পিউটারের আভ্যন্তরীণ সংগঠন ও মৌলিক কার্যাবলি।

২। ইনপুট-আউটপুট ডিভাইস :

- ২.১ ইনপুট-আউটপুট ডিভাইসের বেসিক ফাংশন।
- ২.২ ইনপুট-আউটপুট ডিভাইসের শ্রেণি বিভাগ।
- ২.৩ সাধারণ ইনপুট-আউটপুট (Key-Board, Mouse, Printer, Monitor) ডিভাইসের বাহ্যিক ফিচারস (features)।
- ২.৪ স্পেশাল ইনপুট-আউটপুট ডিভাইস (স্ক্যানার, প্রিন্টার, OMR, OCR, MICR, Digitizer, Light Pen Speech Recognizer ইত্যাদি) ও তাদের কার্যাবলি।

৩। স্টোরেজ মিডিয়া

- ৩.১ স্টোরেজ মিডিয়া ও শ্রেণিবিভাগ।
- ৩.২ প্রাইমারি ও সেকেন্ডারি স্টোরেজ মিডিয়ার বৈশিষ্ট্যগত পাথর্ক্য।
- ৩.৩ RAM ও ROM এর বৈশিষ্ট্য।
- ৩.৪ বিট, বাইট, কিলো-বাইট, মেগাবাইট, গিগাবাইট ইত্যাদির ধারণা।
- ৩.৫ হার্ডডিস্ক ড্রাইভ, সিডি রম ড্রাইভ ও Pen Drive/ Flash Memory এর বৈশিষ্ট্য।

৪। নাম্বার সিস্টেম ও ডিজিটাল লজিক

- ৪.১ নাম্বার সিস্টেম এর ধারণা ও প্রয়োগ।
- ৪.২ নাম্বার সিস্টেম এর রূপান্তর।
- ৪.৩ বাইনারি সংখ্যার যোগ, ২' এর পরিপূরক ব্যবহার করে বিয়োগ।
- ৪.৪ কোডের ধারণা, বাইনারি, বিসিডি (BCD), ইবিসিডিক (EBCDIC), আসকি (ASCII), ইউনিকোড (Unicode)।
- ৪.৫ লজিক গেট ও ট্রুথ টেবিল।
- ৪.৬ সার্বজনীন গেট ও বিশেষ গেট।
- ৪.৭ বুলিয়ান অ্যালজেবরা ও বুলিয়ান উপপাদ্য।

৫। কম্পিউটার সফটওয়্যারের মৌলিক ধারণা

- ৫.১ সফটওয়্যারের সংজ্ঞা এবং শ্রেণি বিভাগ
- ৫.২ হার্ডওয়্যার, সফটওয়্যার, ফার্মওয়্যার ও হিউম্যানওয়্যার
- ৫.৩ সিস্টেম সফটওয়্যার ও অ্যাপ্লিকেশন সফটওয়্যারের কার্যাবলি

৬। কম্পিউটার অপারেটিং সিস্টেমের মৌলিক ধারণা

- ৬.১ অপারেটিং সিস্টেমের উদ্দেশ্য।
- ৬.২ অপারেটিং সিস্টেমের কার্যাবলি।
- ৬.৩ অপারেটিং সিস্টেমের শ্রেণিবিভাগ।
- ৬.৪ সিঙ্গেল ও মাল্টি ইউজার অপারেটিং সিস্টেম।
- ৬.৫ টেক্সট ও GUI বেসড অপারেটিং সিস্টেম।
- ৬.৬ ইউটিলিটি প্রোগ্রাম ও টেক্সট এডিটর।

৭। ফাইল অর্গানাইজেশন

- ৭.১ ফাইল ও ফোল্ডার সম্পর্কে ধারণা।
- ৭.২ ফাইলের প্রকারভেদ ও ফাইলের নামকরণ।
- ৭.৩ ডিরেকটরি স্ট্রাকচার।

৮। অ্যাপ্লিকেশন প্যাকেজ

- ৮.১ অ্যাপ্লিকেশন প্যাকেজ প্রোগ্রামের সংজ্ঞা ও উদ্দেশ্য।
- ৮.২ অ্যাপ্লিকেশন প্যাকেজ প্রোগ্রামের সংস্করণ ও বৈশিষ্ট্য।
- ৮.৩ ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট ও ডাটাবেস ম্যানেজমেন্ট প্যাকেজের বৈশিষ্ট্য।
- ৮.৪ ওয়ার্ড প্রসেসিং, স্প্রেডশিট ও ডাটাবেস ম্যানেজমেন্ট প্যাকেজের প্রয়োগক্ষেত্র ও ব্যবহারের সুবিধা।
- ৮.৫ ইংরেজি ও বাংলা টাইপিং সিস্টেম এবং টাইপ টিউটর।
- ৮.৬ ফন্ট এর ধারণা, ইউনিকোড ও বাংলা সফটওয়্যার।

৯। কম্পিউটার ভাইরাস ও অ্যান্টিভাইরাস

- ৯.১ ভাইরাস ও অ্যান্টিভাইরাসের ধারণা।
 - ৯.২ ভাইরাস আক্রান্ত কম্পিউটারের লক্ষণ।
 - ৯.৩ ভাইরাসের অবস্থান ও প্রকারভেদ।
 - ৯.৪ ভাইরাসের বিস্তার ও প্রতিরোধ।
 - ৯.৫ ভাইরাস ও অ্যান্টিভাইরাসের তালিকা।
- ব্যবহারিক

১। অপারেটিং সিস্টেমের এনভায়রনমেন্ট

- ১.১ উইন্ডোজ স্ক্রিনের বিভিন্ন অংশ বা আইকন চিহ্নিতকরণ ও ব্যবহার।
- ১.২ উইন্ডোজ টাস্কবার, স্টার্ট মেনু ও ডেস্কটপ আইকন, শর্টকাটবার ইত্যাদির ব্যবহার ও Configuration পরিবর্তন করা।
- ১.৩ Scandisk, File Compression, Defragmentation ব্যবহার করা।
- ১.৪ কপি, মুভ, ডিলিট ইত্যাদি কাজে উইন্ডোজ এক্সপ্লোরার ব্যবহার করা।
- ১.৫ বিভিন্ন লোকেশনে ফাইল সংরক্ষণ ও ওপেন করা।
- ১.৬ Control প্যানেলের টুলসসমূহের ব্যবহার করা।
- ১.৭ ডিভাইস ও প্রিন্টারস টুলসসমূহ ব্যবহার করা।
- ১.৮ সিস্টেম সেটিং : Date, Time, User Account, Password ইত্যাদির পরিবর্তন অনুশীলন করা।

২। ফাইল ম্যানিপুলেশন

- ২.১ বিভিন্ন লোকেশনে ফোল্ডার তৈরি ও ফাইল কপি করা।
- ২.২ ফাইলের ব্যাক-আপ রাখা।
- ২.৩ ফাইলের ত্রুটি সংশোধন করা।
- ২.৪ ক্ষতিগ্রস্ত ফাইল পুনঃরুদ্ধার করা।
- ২.৫ রিসাইকেল বিন থেকে ফাইল পুনঃরুদ্ধার করা।

৩। ওয়ার্ড প্রসেসরের ব্যবহার

- ৩.১ বর্তমানে প্রচলিত ওয়ার্ড প্রসেসিং প্যাকেজ চালু করা।
- ৩.২ ওয়ার্ড প্রসেসর স্ক্রিনের পরিচিতি লাভ করা।
- ৩.৩ ওয়ার্ড প্রসেসরে টেক্সট টাইপ করা।
- ৩.৪ ওয়ার্ড প্রসেসরে শর্টকাট কী ব্যবহার করা।
- ৩.৫ টেক্সট এডিট করা, কাজ সেভ করা ও ওয়ার্ড থেকে বের হওয়া।
- ৩.৬ Save এবং Save As অপশনের ব্যবহার করা।
- ৩.৭ নতুন বা তৈরি ডকুমেন্ট খোলা।
- ৩.৮ প্রিন্ট প্রিভিউ অপশন ব্যবহার করা।
- ৩.৯ ডকুমেন্ট প্রিন্টিং এ বিভিন্ন অপশন (কারেন্ট পেজ, জোড় পৃষ্ঠা, বিজোড় পৃষ্ঠা, সকল পৃষ্ঠা ইত্যাদি) ব্যবহার করা।
- ৩.১০ প্রিন্ট জবের স্ট্যাটাস চেক করা।

৪। ডকুমেন্ট ফরমেটিং

- ৪.১ ফন্ট ও ফন্ট সাইজ পরিবর্তন করা।
- ৪.২ সুপারস্ক্রিপ্ট, সাবস্ক্রিপ্ট অপশন ব্যবহার করা।
- ৪.৩ স্পেশাল ক্যারেকটার, ডেট, টাইম, ফুটনোট, এন্ডনোট, হেডার, ফুটার, পেজ নম্বর ইনসার্ট করা।
- ৪.৪ প্যারাগ্রাফ তৈরি ও প্যারাগ্রাফের মধ্যে লাইন স্পেস হ্রাস-বৃদ্ধি করা, প্যারাগ্রাফ ইন্ডেন্টিং।
- ৪.৫ পেজ ব্রেক তৈরি করা বা মুছে (ডিলিট) দেওয়া।
- ৪.৬ বর্ডার, কাস্টম বর্ডার ও শেডিং-এর ব্যবহার করা।
- ৪.৭ ফাইলের মার্জিন পরিবর্তন করা।
- ৪.৮ ট্যাব ও বুলেটের ব্যবহার করা।
- ৪.৯ টেবিল তৈরি, পরিবর্তন ও পরিমার্জন।

৫। স্প্রেডশিট প্যাকেজ এনভায়রনমেন্ট

- ৫.১ স্প্রেডশিট প্যাকেজ চালু করা ও স্ক্রিনের পরিচিতি লাভ।
- ৫.২ মেনু অপশন ব্যবহার ও শর্টকাট মেনু নিয়ে কাজ করা।
- ৫.৩ কী বোর্ড শর্টকাট ব্যবহার করা।
- ৫.৪ সাব মেনু ও পপ-আপ মেনুর পরিচিতি লাভ ও ব্যবহার করা।
- ৫.৫ ওয়ার্কবুক ও ওয়ার্কশিট তৈরি, সংরক্ষণ এবং খোলা।
- ৫.৬ একই সাথে একাধিক ফাইল, শিট ওপেন করা, সদ্য ব্যবহৃত ফাইল ওপেন করা।
- ৫.৭ ইনসার্ট অ্যান্ড ডিলিট সেল, রো-হাইট ও কলাম উইডো নিয়ন্ত্রণ করা, সেল রেঞ্জ সিলেক্ট করা।

৬। ফর্মুলা ও ফাংশনের প্রয়োগ

- ৬.১ SUM ও Average function এর ব্যবহার করা।
- ৬.২ একই ফর্মুলা একাধিক সেলে ব্যবহার করা।
- ৬.৩ MAX, MIN ও Counter ফাংশনে এর ব্যবহার করা।
- ৬.৪ IF এবং Nested IF এর ব্যবহার করা।
- ৬.৫ যোগ, বিয়োগ, গুণ, ভাগ, গড় অপারেটরসমূহ ব্যবহার করা।
- ৬.৬ ফরমুলুতে ফাংশন ব্যবহার করা।
- ৬.৭ AND ও OR ফাংশন ব্যবহার করা।
- ৬.৮ ওয়ার্কশিটে ফন্ট, কালার পরিবর্তন ও সেলসমূহ ফরমেট করা।

৭। ওয়ার্কশিট ম্যানুপুলেশন ও ডেটা অ্যানালাইসিস

- ৭.১ বিভিন্ন প্রকার শিট (রেজাল্ট শিট, বেতনশিট ইত্যাদি) তৈরিকরণ।
- ৭.২ ডেটা সর্ট, ডেটা ফিল্টার, ডেটা সার্চিং করা।
- ৭.৩ ওয়ার্কশিটের ডেটা ফর্মে ডেটা অ্যান্ড্রি করা।
- ৭.৪ চার্ট / গ্রাফ তৈরি করা।

৮। ওয়ার্কশিট প্রিন্টিং

- ৮.১ প্রিন্ট এরিয়া সেট আপ করা।
- ৮.২ মার্জিন, হেডার, ফুটার, পৃষ্ঠা নম্বর ব্যবহার করা।
- ৮.৩ প্রিন্ট টাইটেল সেটআপ ও ডিলিট করা।
- ৮.৪ ফর্মুলা, গ্রাফ, ওয়ার্কশিট ও পেজের প্রিন্ট আউট নেওয়া।

৯। টাইপিং এর সাধারণ নিয়মাবলি অনুশীলন

- ৯.১ টাইপিং টিউটর (TT) - এর পরিচিতি।
- ৯.২ Home key ব্যবহার করে নির্দিষ্ট বর্ণ/বর্ণমালা টাইপ করা।
- ৯.৩ টাইপিং রুল অনুসরণ করে টেক্সট টাইপ করা।
- ৯.৪ অন্যান্য Alphabetic key ব্যবহার করা।
- ৯.৫ Numeric ও অন্যান্য Symbolic কী ব্যবহার করা।

১০। ইন্টারনেট ও ই-মেইল

- ১০.১ ল্যান অথবা মডেমের সাহায্য নিয়ে ইন্টারনেটে প্রবেশ করা।
- ১০.২ বিভিন্ন ওয়েবসাইটে প্রবেশ করে ব্রাউজিং করা।
- ১০.৩ ফাইল/ ডকুমেন্ট/ভিডিও ডাউনলোড ও আপলোড করা।
- ১০.৪ ই-মেইল অ্যাকাউন্ট খোলা, ই-মেইল প্রেরণ/গ্রহণ করা এবং এটাচড ফাইল প্রেরণ করা।
- ১০.৫ ই-মেইল ফোল্ডারসমূহ কাস্টমাইজড করা।

১১। ভাইরাস ও অ্যান্টিভাইরাস প্রোগ্রাম ব্যবহার

- ১১.১ ভাইরাস আক্রান্ত কম্পিউটার শনাক্ত করা।
- ১১.২ অ্যান্টিভাইরাস প্রোগ্রাম লোড করা।
- ১১.৩ অ্যান্টি ভাইরাস প্রোগ্রাম দিয়ে কম্পিউটার ভাইরাস মুক্ত (Clean) করা।
- ১১.৪ অ্যান্টিভাইরাস প্রোগ্রামের বিভিন্ন অপশন ব্যবহার করা।

পূর্ণমান : ১০০

তত্ত্বীয় : ৫০

ব্যবহারিক : ৫০

ধারা (তত্ত্বীয়)

৮টি প্রশ্ন থাকবে ৫টির উত্তর দিতে হবে

ব্যবহারিক

৮টি প্রশ্ন থাকবে ৫টির উত্তর দিতে হবে

ধারাবাহিক মূল্যায়ন : ২০

ধারাবাহিক মূল্যায়ন : ২৫ প্রশ্ন প্রশয়নের

চূড়ান্ত মূল্যায়ন : ৩০

চূড়ান্ত মূল্যায়ন : ২৫

$$৫ \times ৬ = ৩০$$

$$৫ \times ৫ = ২৫$$

ব্যবসায় গণিত ও পরিসংখ্যান

উদ্দেশ্য : এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রমে ব্যবসায় গণিত ও পরিসংখ্যান বিষয়ক মৌলিক ধারণা অন্তর্ভুক্ত করার মাধ্যমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে শিক্ষার্থীদেরকে তাত্ত্বিক জ্ঞানের সাথে কর্মক্ষেত্রে যুগোপযোগীভাবে গাণিতিক ও জ্ঞান প্রয়োগে দক্ষ করা।

ব্যবসায় গণিত বিষয়বস্তু :

তত্ত্বীয়

পিরিয়ড

১. সেট তত্ত্ব (Set Theory) :

৮

১.১ সেটের সংজ্ঞা

১.২ বিভিন্ন প্রকার সেট -ফাঁকা সেট, উপসেট, সসীম সেট, অসীম সেট, সার্বিক সেট, সমতুল সেট, পাওয়ার সেট।

১.৩ সেটের কার্যবিধি- সেটের সংযোগ, সেটের ছেদ, সেটের অন্তর, সেটের পূরক, ক্রমজোড়, কার্তেসীয় গুণজ।

১.৪ ভেন চিত্র

১.৫ সাধারণ গাণিতিক সমস্যা।

২. বাস্তব সংখ্যা (Real Number) :

৯

২.১ বাস্তব সংখ্যার সংজ্ঞা

২.২ অবাস্তব সংখ্যা

২.৩ মূলদ সংখ্যা ও অমূলদ সংখ্যা

২.৪ স্বাভাবিক সংখ্যা ও পূর্ণ সংখ্যা

২.৫ বাস্তব সংখ্যার পরম মান নির্ণয়।

৩ বিন্যাস ও সমাবেশ (Permutation & Combination) :

৮

৩.১ বিন্যাস ও সমাবেশের সংজ্ঞা

৩.২ প্রতীক ও সূত্রসমূহ

৩.৩ বিন্যাস ও সমাবেশের পার্থক্য

৩.৪ গাণিতিক সমস্যা।

৪. সুদ (Interest) :	৯
৪.১ সুদের সংজ্ঞা	
৪.২ সুদের প্রকারভেদ	
৪.৩ সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদ	
৪.৪ সুদের সময়	
৪.৫ সরল সুদ ও চক্রবৃদ্ধি সুদের পার্থক্য	
৪.৬ আসল	
৪.৭ মোট পরিশোধ্য অর্থ (আসল + সুদ)।	
৫ অংশীদারি ব্যবসায় (Partnership Business):	৯
৫.১ মূলধন	
৫.২ লভ্যাংশ নির্ণয়	
৫.৩ অংশীদারির স্থিতি	
৫.৪ লাভ-লোকসানের বন্টন।	
৬ কিস্তি (Annuity) :	৮
৬.১ সমকিস্তি বার্ষিকী	
৬.২ চিরস্থায়ী সমকিস্তি বার্ষিকী	
৬.৩ সমকিস্তি বার্ষিকীর মোট পরিমাণ।	
৭ স্টক ও শেয়ার (Stock & Share)	৮
৭.১ কারবার	
৭.২ যৌথ মূলধনী কোম্পানি	
৭.৩ শেয়ার	
৭.৪ স্টক	
৭.৫ ঋণপত্র	
৭.৬ দালালি	
৭.২ সাধারণ গাণিতিক সমস্যা।	

ব্যবহারিক

- ১। ফাংশনের লেখচিত্র অঙ্কন।
- ২। সরল সমীকরণের লেখচিত্র অঙ্কন।
- ৩। দ্বিঘাত সমীকরণের লেখচিত্র অঙ্কন।
- ৪। বিভিন্ন প্রকার সেট নির্ণয়।
- ৫। ভেন (Venn) চিত্র সম্পর্কিত সমস্যা।

ব্যবসায় পরিসংখ্যান

বিষয়বস্তু :

তত্ত্বীয় পিরিয়ড

১। মৌলিক ধারণা (Fundamental Ideas) :

৬

- ১.১ ব্যবসায় পরিসংখ্যানের অর্থ ও সংজ্ঞা
- ১.২ ব্যবসায় পরিসংখ্যানের গুরুত্ব, পরিধি, ব্যবহার ও ক্ষেত্র।
- ১.৩ বৈশিষ্ট্য ও সীমাবদ্ধতা
- ১.৪ পরিসংখ্যান বিজ্ঞান না কলা।

২। চলক-ধ্রুবক এবং তথ্য ও তথ্য উপস্থাপন (Variable-Constant, Data & Data Presentation) :

১০

- ২.১ চলক ও ধ্রুবকের সংজ্ঞা, প্রতীক, প্রকারভেদ ও পার্থক্য
- ২.২ তথ্যের সংজ্ঞা, প্রকারভেদ
- ২.৩ সংখ্যাচাক তথ্য ও গুণবাচক তথ্যের পার্থক্য
- ২.৪ তথ্য সংগ্রহ পদ্ধতির বর্ণনা ও প্রকারভেদ
- ২.৫ প্রাথমিক তথ্য ও মাধ্যমিক তথ্যের পার্থক্য
- ২.৬ তথ্যের উপস্থাপন, শ্রেণিকরণ, সারণিবদ্ধকরণ, গণসংখ্যা নিবেশন ও কার্যপত্র উপস্থাপন।
- ২.৭ চিত্র ও লেখ-সংজ্ঞা, পাইচার্ট, দণ্ড চিত্র, আয়তলেখ, গণসংখ্যা রেখা, গণসংখ্যা বহুভুজ ও অজিভ রেখা।
- ২.৮ বিভিন্ন চিত্র ও লেখের পার্থক্য।

৩। কেন্দ্রীয় প্রবণতার পরিমাপ (Measures of Central Tendency) :

১২

- ৩.১ কেন্দ্রীয় প্রবণতা ও কেন্দ্রীয় প্রবণতার পরিমাপের সংজ্ঞা
- ৩.২ কেন্দ্রীয় প্রবণতার পরিমাপের প্রকারভেদ, গাণিতিক গড়, জ্যামিতিক গড়, তরঙ্গ গড়, মধ্যমা ও প্রচুরক-এর সংজ্ঞা, বৈশিষ্ট্য ও ব্যবহার
- ৩.৩ আদর্শ গড়ের বৈশিষ্ট্য ও কোনটি আদর্শ গড় এবং কেন?
- ৩.৪ প্রমাণ :- ক. গাণিতিক গড় মূল ও মাপনীর উপর নির্ভরশীল।
খ. গাণিতিক গড় \geq জ্যামিতিক গড় \geq তরঙ্গ গড়, (শুধুমাত্র ২টি সংখ্যার ক্ষেত্রে)
গ. গাণিতিক গড় \times তরঙ্গ গড় = (জ্যামিতিক গড়)^২, (শুধুমাত্র ২টি সংখ্যার ক্ষেত্রে)
ঘ. কখন, গাণিতিক গড় = জ্যামিতিক গড় = তরঙ্গ গড় হয়?
৩.৫ সাধারণ গাণিতিক সমস্যা।

৪। বিস্তার পরিমাপ (Measures of Disperision) :

১২

- ৪.১ বিস্তার ও বিস্তার পরিমাপের সংজ্ঞা, প্রকারভেদ ও প্রয়োজনীয়তা।
- ৪.২ গড় ব্যবধান, পরিমিত ব্যবধান ও ভেদাক্ষের সংজ্ঞা, বৈশিষ্ট্য, সুবিধা-অসুবিধা ও ব্যবহার।
- ৪.৩ বিভেদাক্ষের সংজ্ঞা ও প্রয়োজনীয়তা।
- ৪.৪ আদর্শ বিস্তার পরিমাপ কোনটি এবং কেন?
- ৪.৫ সাধারণ গাণিতিক সমস্যা।

৫। সংশ্লেষ ও নির্ভরণ (Correlation and Regression) :

১০

- ৫.১ সংজ্ঞা : সংশ্লেষ, নির্ভরণ, সংশ্লেষাঙ্ক, নির্ভরাঙ্ক
- ৫.২ সংশ্লেষ ও নির্ভরণের পার্থক্য
- ৫.৩ বিক্ষেপ চিত্রের মাধ্যমে সংশ্লেষাঙ্কের ধারণা
- ৫.৪ প্রমাণ :
ক) সংশ্লেষাঙ্কের উপর মূল ও মাপনীর প্রভাব।
খ) সংশ্লেষাঙ্কের মান -১ থেকে +১ -এর মধ্যে সীমাবদ্ধ অর্থাৎ $-1 \leq r \leq +1$
- ৫.৫ সাধারণ গাণিতিক সমস্যা।

৬। সূচক সংখ্যা (Index Number) :

৮

- ৬.১ সূচক সংখ্যা সংজ্ঞা, প্রকারভেদ, উদ্দেশ্য ও সমস্যাবলি
- ৬.২ সূচক সংখ্যার গুরুত্ব
- ৬.৩ সূচক সংখ্যার সূত্রাবলি
- ৬.৪ সূচক সংখ্যার তাত্ত্বিক পরীক্ষা
- ৬.৫ আদর্শ সূচক সংখ্যার প্রমাণ
- ৬.৬ জীবন যাত্রার ব্যয় সূচক সংখ্যা
- ৬.৭ সাধারণ গাণিতিক সমস্যা।

৭। নমুনায়ন (Sampling) :

৬

- ৭.১ সংজ্ঞা- সমগ্রক, নমুনা, নমুনা একক, নমুনা জরিপ, শুমারি জরিপ
- ৭.২ নমুনায়নের সুবিধাবলি ও প্রকারভেদ
- ৭.৩ নমুনা ও সমগ্রকের পার্থক্য
- ৭.৪ নমুনা জরিপ ও শুমারি জরিপের পার্থক্য
- ৭.৫ সরল দৈব নমুনায়ন পদ্ধতি।

৭.৬ ব্যবহারিক :

- ১। গণসংখ্যা নিবেশন প্রস্তুতকরণ।
- ২। চিত্র ও লেখ অঙ্কন : পাই চার্ট, দণ্ড চিত্র, আয়তলেখ, গণসংখ্যা রেখা, গণসংখ্যা বহুভূজ ও অর্জিত রেখা।
- ৩। কাঁ পত্রক উপস্থাপন।
- ৪। ক) গড়, মধ্যমা ও প্রচুরক নির্ণয়।
খ) চিত্র ও লেখ থেকে যথাক্রমে প্রচুরক ও মধ্যমা নির্ণয়।
- ৫। গড় ব্যবধান, পরিমিত ব্যবধান ও বিভেদাঙ্ক নির্ণয়।
- ৬। সংশ্লেষাঙ্ক নির্ণয়।
- ৭। ক. সূচক সংখ্যা নির্ণয়।
খ. তাত্ত্বিক পরীক্ষার মাধ্যমে সূচক সংখ্যার সূত্র যাচাই।
- ৮। সরল দৈব নমুনায়ন পদ্ধতিতে নমুনাচয়ন।

মানবন্টন :

পূর্ণমান = ১০০ (ব্যবসায়িক গণিত-৪০, ব্যবসায়িক পরিসংখ্যান-৬০)
অভিন্ন প্রশ্নপত্র

বিষয়	নম্বর বিন্যাস				মোট নম্বর
	তত্ত্বীয়		ব্যবহা		
	ধারাবাহিক মূল্যায়ন	চূড়ান্ত মূল্যায়ন	ধারাবাহিক মূল্যায়ন	চূড়ান্ত মূল্যায়ন	
ব্যবসায়িক গণিত	১২	১৮	৫	৫	৪০
ব্যবসায়িক পরিসংখ্যান	১৮	২৭	৭.৫	৭.৫	৬০
মোট	৩০	৪৫	১২.৫	১২.৫	১০০

প্রশ্ন প্রণয়নের ধারা

পূর্ণমান -১৮

ব্যবসায়িক গণিত :

তত্ত্বীয় চূড়ান্ত

৪টি প্রশ্ন থাকবে এবং প্রতিটি প্রশ্নের উত্তর বাধ্যতামূলক। প্রতিটি প্রশ্নেরই বিকল্প প্রশ্ন থাকবে।
প্রতি প্রশ্নের মান সমান

$$৪.৫ \times ৪ = ১৮$$

ব্যবসায়িক পরিসংখ্যান :

তত্ত্বীয় চূড়ান্ত

পূর্ণমান- ২৭

৬টি প্রশ্ন থাকবে এবং প্রতিটি প্রশ্নের উত্তর বাধ্যতামূলক। প্রতিটি প্রশ্নেরই বিকল্প প্রশ্ন থাকবে।
প্রতি প্রশ্নের মান সমান

$$৪.৫ \times ৬ = ২৭$$

ব্যবসায়িক গণিত :

ব্যবহারিক চূড়ান্ত

পূর্ণমান-০৫

২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে

$$৫ \times ১ = ০৫।$$

ব্যবসায়িক পরিসংখ্যানঃ

ব্যবহারিক চূড়ান্ত

পূর্ণমান -৭.৫

২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে

$$৪ \times ১ = ০৪।$$

২টি প্রশ্ন থাকবে ১টির উত্তর দিতে হবে

$$৩.৫ \times ১ =$$

৩.৫।

সহায়ক গ্রন্থাবলি :

১. ব্যবসায়িক গণিত - বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
২. উচ্চ মাধ্যমিক বীজগণিত ও ত্রিকোণমিতি - ড. আব্দুল মতিন
৩. ব্যবসায়িক পরিসংখ্যান - বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা
৪. উচ্চ মাধ্যমিক পরিসংখ্যান (প্রথম ও দ্বিতীয় পত্র) - এ কে. আজাদ।

হিসাববিজ্ঞান নীতি ও প্রয়োগ-১

১. **প্রথম অধ্যায় : হিসাববিজ্ঞানের ভূমিকা (Introduction to Accounting)** হিসাববিজ্ঞানের সংজ্ঞা, হিসাববিজ্ঞানের উদ্দেশ্য ও প্রয়োজনীয়তা, ব্যবসায়ের ভাষা হিসেবে হিসাববিজ্ঞান, হিসাব তথ্যের ব্যবহারকারী, অন্যান্য বিষয়ের সাথে হিসাববিজ্ঞানের সম্পর্ক। হিসাববিজ্ঞান পেশা নিয়ন্ত্রণকারী সংস্থাসমূহ।
২. **দ্বিতীয় অধ্যায় : লেনদেন ও হিসাব সমীকরণ (Transaction and Accounting Equation)** লেনদেন ও এর বৈশিষ্ট্য, হিসাব সমীকরণ ও হিসাব সমীকরণের লেনদেনের প্রভাব।
৩. **তৃতীয় অধ্যায় : লিপিবদ্ধকরণ প্রক্রিয়া (Recording Process)** দু'তরফা দাখিলা পদ্ধতির ধারণা, হিসাব ও হিসাবের শ্রেণিবিভাগ, ডেবিট ও ক্রেডিট নির্ণয়ের নিয়মাবলি, হিসাবচক্র জাবেদা, খতিয়ান ও রেওয়ামিল প্রস্তুতকরণ।
৪. **চতুর্থ অধ্যায় : বিশেষ জাবেদা (Special Journals)** বিশেষ জাবেদা ও সহকারী খতিয়ান - ক্রয় জাবেদা, বিক্রয় জাবেদা, নগদ খাতিয়ান জাবেদা, নগদ পত্রান জাবেদা ও সাধারণ জাবেদা।
৫. **পঞ্চম অধ্যায় : নগদ নিয়ন্ত্রণ (Control of Cash)** খুচরা নগদ তহবিল, অগ্রদত্ত পদ্ধতিতে খুচরা নগদ তহবিলের মাধ্যমে নগদ নিয়ন্ত্রণ, ব্যাংক সময় বিবরণী ও এর প্রয়োজনীয়তা, হিসাবের বই অনুযায়ী নগদ জের ও ব্যাংক বিবরণী অনুযায়ী নগদ জেরের মধ্যে গড়মিলের কারণ, উভয় জের সংশোধন পদ্ধতিতে ব্যাংক সময় বিবরণী প্রস্তুতকরণ।
৬. **ষষ্ঠ অধ্যায় : কার্যপত্র (Worksheet)** কার্যপত্র ও এর বৈশিষ্ট্য, মূলধন ও মুনাফাজাতীয় আয়-ব্যয়ের ধারণা, নগদভিত্তিক ও বকেয়াভিত্তিক হিসাববিজ্ঞান সময় দাখিলা, কার্যপত্র প্রস্তুতকরণ, সমাপনী দাখিলা ও বিপরীত দাখিলা।
৭. **সপ্তম অধ্যায় : একতরফা দাখিলা পদ্ধতি (Single Entry System)** একতরফা দাখিলা পদ্ধতির ধারণা ও এর প্রয়োগক্ষেত্র, একতরফা দাখিলা পদ্ধতির অসুবিধা, লাভ-ক্ষতি বিবরণী ও বৈষয়িক বিবরণী প্রস্তুতকরণ। একতরফা দাখিলা পদ্ধতিকে দু'তরফা দাখিলা পদ্ধতিতে রূপান্তরের ধারণা।
৮. **অষ্টম অধ্যায় : হিসাববিজ্ঞানের নীতিমালা (Principles of Accounting)** সর্বজন স্বীকৃত হিসাববিজ্ঞান নীতিমালা, আর্থিক বিবরণী প্রস্তুতকরণে হিসাববিজ্ঞান নীতিমালার প্রভাব।
৯. **নবম অধ্যায় : আর্থিক বিবরণী (Financial Statements)** এক মালিকানা ব্যবসায়ের বিশদ আয় বিবরণী, মালিকানা স্বত্ব বিবরণী, চলতি দায়, দীর্ঘমেয়াদী দায়, চলতি সম্পত্তি, দীর্ঘমেয়াদী বিনিয়োগ, স্থায়ী সম্পত্তি ও অদৃশ্যমান সম্পত্তির পরিচিতি, আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুতকরণ।

প্রশ্নপত্র প্রণয়নের নীতিমালা

ক - বিভাগ

৭টি তত্ত্বীয় প্রশ্ন হতে যেকোনো ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে $৩ \times ৪ = ১২$

খ - বিভাগ

৫টি প্রায়োগিক সমস্যা হতে যেকোনো ৩টি প্রশ্নের উত্তর দিতে হবে $৭ \times ৩ = ২১$

গ - বিভাগ

আর্থিক বিবরণী প্রস্তুতকরণ (আবশ্যিক) $১২ \times ১ = ১২$

= ৪৫ ব্যবহারিক

